গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
১৪/২, তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০

বিষয় : **স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ বিষয়ক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন, পরিচালক (প্রশাসন)
তারিখ : ১৪/১১/২০২১ খ্রি:
সময় : বেলা ১২:০০ ঘটিকা
স্থান : পরিচালক (প্রশাসন) মহোদয়ের কক্ষ ।

সভাপতি উপস্থিত কমিটির সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন। তিনি সবাইকে এ বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে বলেন। তিনি নৈতিকতা কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট জনাব ফাতেমা জোহরা কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ সংক্রান্ত কার্যক্রম সভায় আলোচনা করার জন্য অনুরোধ করেন। অত:পর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্র নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | প্রতি কোয়ার্টারে ১টি করে বছরে মোট ৪টি সভা আয়োজন করতে হবে। গত সভাটি ০৫-০৯-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। আগামী সভাটি জানুয়ারি - মার্চ, ২০২১ খ্রি. মাসের মধ্যে আয়োজন করতে হবে। প্রমাণক হিসেবে সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। | ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট | চলমান |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতি সভার সিদ্ধান্ত সমূহ ১০০% বাস্তবায়ন করতে হবে এবং প্রমাণক হিসেবে সভার কার্যবিবরণী দাখিল করতে হবে। | ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট | চলমান |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | গত বছরের ন্যায় এ বছরেও এসএসকে এলাকায় অংশীজনদের সাথে ১ম কোয়ার্টারে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। অপরটি ৩য় কোয়ার্টারে আয়োজন করতে হবে এবং প্রমাণক হিসেবে সভাদ্বয়ের কার্যবিবরণী দাখিল করতে হবে। | এসএসকে ফোকাল পয়েন্ট | চলমান |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | এই ইউনিটের কর্মকর্তা ও কর্মচারীদেরকে শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ প্রদান করতে হবে। গত ০১-০২ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখে ১টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। অপরটি ৩য় কোয়ার্টারে আয়োজন করতে হবে এবং প্রমাণক হিসেবে প্রশিক্ষণের নোটিশ ও রেজিস্ট্রেশন শিট দাখিল করতে হবে। | ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট | চলমান |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন | কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি অনুসরণ, টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করে অফিসের কর্ম-পরিবেশ উন্নত করতে হবে। প্রমাণক হিসেবে অফিসে মাস্ক পরিধান নিশ্চিতকরণ, হ্যান্ড সেনিটাইজারের ব্যবহার নিশ্চিতকরণ, নিলাম কমিটি গঠন ও সভা আয়োজনের নোটিশ, টয়লেট ও বারান্দা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে। এছাড়াও দিনে ৫ বার টয়লেট পরিষ্কার করা ও নিয়মিত | পরিচালক (প্রশাসন), ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট ও পরিচ্ছন্নতা কর্মী | বাস্তবায়িত |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মনিটরিং করা সংক্রান্ত রেজিস্ট্রার খাতা চালু করা হয়েছে। | | |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এই ইউনিটের ওয়েবসাইটে ইতোমধ্যেই আপলোড করা হয়েছে। ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ে আপলোড করা হয়েছে। ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ে আপলোড করতে হবে এবং প্রমাণক হিসেবে আপলোড সমূহের স্ক্রিনশট দাখিল করতে হবে। | ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট এবং সিস্টেম এনালিস্ট | চলমান |
| ১.৭ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | এ সংক্রান্ত একটি ফিডব্যাক সভা/ কর্মশালা গত ২৯-০৯-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। অপরটি আগামী ৩১-১২-২০২১ খ্রি তারিখের মধ্যে আয়োজন করতে হবে। প্রমাণক হিসেবে কর্মশালায় অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন শীট কর্মশালা দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন) এবং ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট | চলমান |
| ১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | এই অর্থবছরে ১ জন কর্মকর্তা ও ১ জন কর্মচারীকে আগামী ৩০.০৬.২০২২ খ্রি তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। প্রমাণক হিসেবে সার্টিফিকেট এর ফটোকপি ও ওয়েবসাইটের স্ক্রিনশট দাখিল করতে হবে। | মহাপরিচালক এবং এবং ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট | চলমান |
| ২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ২৩-০৯-২০২১ খ্রি. তারিখে এই ইউনিটের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | পরিচালক (প্রশাসন) এবং ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট | বাস্তবায়িত |
| ২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | প্রযোজ্য নয় | | বাস্তবায়িত |
| ২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | নির্ধারিত সময়ের মধ্যে ১০০% লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। গত জুলাই থেকে সেপ্টেম্বর, ২০২১ খ্রি. পর্যন্ত ২.৮২% অর্জিত হয়েছে। প্রমাণক হিসেবে সকল SOE এর কপি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | চলমান |
| ২.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রযোজ্য নয় | | বাস্তবায়িত |
| ৩.১ | এসএসকে প্রকল্প কার্যে নজরদারী জোরদারকরণ | মহাপরিচালক অথবা পরিচালক (গবেষণা) কর্তৃক ৪ বার এসএসকে প্রকল্প এলাকা পরিদর্শন করতে হবে। ইতোমধ্যে পরিচালক (গবেষণা) কর্তৃক গত ২৪-১০-২০২১ খ্রি. ও ১৭-১১-২০২১ খ্রিঃ তারিখ ২টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। আগামী কোয়ার্টারে ১টি পরিদর্শন সম্পন্ন করতে হবে এবং প্রমাণক হিসেবে পরিদর্শন প্রতিবেদন শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। | মহাপরিচালক/ পরিচালক (গবেষণা), রিসার্চ অফিসার (এসএসকে) | চলমান |
| ৩.২ | ৪ টি গবেষণা কার্য সম্পাদন | এই অর্থবছরে মোট ৪টি গবেষণা সম্পন্ন করতে হবে এবং প্রমাণক হিসেবে গবেষণাসমূহের চুড়ান্ত প্রতিবেদন শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, প্রোগ্রাম ম্যানেজার, পরিচালক (গবেষণা) | |
| ৩.৩ | ইনভেন্টরী ম্যানেজমেন্ট শক্তিশালীকরণ | মহাপরিচালক, পরিচালক, প্রোগ্রাম ম্যানেজার কর্তৃক এই অর্থবছরে মোট ৪টি শাখা পরিদর্শন করতে হবে। গত ২৪- | মহাপরিচালক, পরিচালক, প্রোগ্রাম | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৮-২০২১ খ্রিঃ তারিখ মহাপরিচালক মহোদয় এই ইউনিটের প্রশাসন শাখা (উপপরিচালক-১ এর দপ্তর) পরিদর্শন করেন। এই কোয়ার্টারে পরিচালক (প্রশাসন) তাঁর দপ্তর পরিদর্শন করবেন। প্রমাণক হিসেবে পরিদর্শন প্রতিবেদন শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। | ম্যানেজার | |
| ৩.৪ | GRS নিশ্চিতকরণ | মহাপরিচালক, পরিচালক, প্রোগ্রাম ম্যানেজার কর্তৃক এই অর্থবছরের মধ্যে ৪টি বিরোধ নিষ্পত্তি করতে হবে। গত কোয়ার্টারে এই ইউনিটের কোন বিরোধ সংক্রান্ত ঘটনার উৎপত্তি হয়নি বিধায় মাসিক ভিত্তিতে ১টি করে মোট ৪টি শূন্য প্রতিবেদন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর দাখিল করা হয়েছে এবং প্রমাণক হিসেবেও প্রেরণ করা হয়েছে। প্রতি কোয়ার্টার ভিত্তিক এই প্রতিবেদন শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, পরিচালক, প্রোগ্রাম ম্যানেজার | |
| ৩.৫ | দুর্নীতি বিরোধী শ্লোগানের মাধ্যমে সকলকে সর্বদা সততা বজায় রাখতে উদ্বুদ্ধকরণ | সকলকে সর্বদা সততা বজায় রাখতে উদ্বুদ্ধ করতে ইতোমধ্যে পবিত্র কোরআন ও গীতা থেকে উক্তি সমূহ সংগ্রহ ও বাছাই পূর্বক দুর্নীতি বিরোধী স্লোগান প্রস্তুত করা হয়েছে। এই কার্যালয়ে দৃশ্যমান জায়গা সমূহে সেগুলি প্রদর্শন করা হয়েছে। প্রমাণক হিসেবে এর ছবি ও কপি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) | |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

14-11-21

এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন
পরিচালক (প্রশাসন) ও
সভাপতি, নৈতিকতা কমিটি

স্মারক নং ৪৫.০৫.০০০০.০০৬.৩৯.০০২.১৯. ২৭৬৪/১

তারিখঃ ১৪/১১/২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। উপসচিব (প্রশাসন-৪, মনিটরিং ও সমন্বয় অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। প্রোগ্রাম ম্যানেজার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ জিএনএসপিইউ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৩। পরিচালক (প্রশাসন/ গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৪। উপপরিচালক (১/২/৩/৪), সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপিইউ/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৫। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসএসকে/ বিএনএইচএ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৭। প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৮। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৯। জনাব মোঃ কামরুজ্জামান, কম্পিউটার অপারেটর, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
১০। অফিস কপি।

ফাতেমা জোহরা
উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)
ও বিকল্প ফোকাল পয়েন্ট

অনুলিপি :

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।